ছাপাখানার গলি

আলোচনা[illegible]জ

মে ২০[illegible]

দিক-ফেরানো স্বল্পালোচিত ছোটগল্প সংকলন

সম্পাদক

দেবাশিস সাহা

সম্পাদক
দেবাশিস সাহা

সহযোগী সম্পাদক
রিয়া মুখার্জি

দপ্তর
১০৭/৬, বিষ্ণুপুর রোড
বহরমপুর- ৭৪২ ২০১
মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ
+91 8348767115, +917029289832
Email: dsahabgvb@gmail.com

প্রচ্ছদ
রাজু রায়

মুদ্রণ
ডি অ্যান্ড পি গ্রাফিক্স প্রা. লি.
১৪৩ ওল্ড যশোর রোড, গঙ্গানগর, কলকাতা ৭০০ ১৩২

ISSN: 2347-1808

মূল্য
৪৫০ টাকা

আবদুশ শাকুর: *শ্রেষ্ঠ গল্প*: জীবনের গল্প, নাকি গল্পের জীবন?/ঋতা ভৌমিক
মাহমুদুল হক: মানবিকতায় সম্পৃক্ত দেশজ গল্পের ভাণ্ডার/অনিন্দিতা মন্ডল
অরুণেশ ঘোষ: কৃষ্ণগহ্বরে এক অঘোরী/পার্থ উপাধ্যায়
সুবিমল মিশ্র: হারাণ মাঝির বিধবা বৌয়ের মড়া একটি সমীক্ষা/বাবিন মালিক
বলরাম বসাক: অনুভবের তলদেশে পাতা যে *কার্পেট*/শ্রীকুমার চট্টোপাধ্যায়
সাধন চট্টোপাধ্যায়: উত্তর-কোভিড গল্পগ্রন্থ,/মুন্সী মহম্মদ সাইফুল আহমেদ
কমল চক্রবর্তী: বাঁধনছেঁড়া জীবনের গদ্যাখ্যান/ইমাদুল আলি
অভিজিৎ সেন: বাড়ির পাশে আরশিনগর/ব্রজসৌরভ চট্টোপাধ্যায়
রাঘব বন্দ্যোপাধ্যায়: দাসত্বের প্রশ্ন/শ্রেয়া প্রামাণিক
শহীদুল জহির: শ্রেণিকক্ষের বাইরের এক গল্পশিল্পী/পুরুযোত্তম সিংহ
মীনাক্ষী সেন: নির্মম জীবনবাস্তবতা ও এক জাতিস্মরের আখ্যান/পৌষালী হালদার
শাহাদুজ্জামান: মামলার সাক্ষী ময়না পাখি/প্রশান্ত ভৌমিক
রবিশংকর বল: ছায়ামানুষ, আত্মকথন ইত্যাদি/অর্ণব রায়
সোহরাব হোসেন: এক আনাড়ির সুলুকসন্ধান/পারভিন হোসেন

মুন্সী মহম্মদ সাইফুল আহমেদ

সাধন চট্টোপাধ্যায়ের উত্তর-কোভিড গল্পগ্রন্থ ‘শঙ্খবাবুর শোকসভায় গুলি’

শঙ্খবাবুর শোকসভায় গুলি। সাধন চট্টোপাধ্যায়। সহচর।

সাধন চট্টোপাধ্যায়ের সাম্প্রতিক গল্পগ্রন্থ ‘শঙ্খবাবুর শোকসভায় গুলি’ সমসাময়িক দুই প্রখ্যাত কথাকার ভগীরথ মিশ্র ও স্বপ্নময় চক্রবর্তীকে উৎসর্গ করা হয়েছে। বইটি এক নতুন প্রকাশনা সংস্থা ‘সহচর’ প্রকাশনী থেকে বৈশাখ ১৪৩১-এ প্রকাশিত হয়েছে। ১৩২ পৃষ্ঠার গ্রন্থটিতে ছাব্বিশটি ছোটোগল্প আছে, যেগুলির রচনাকাল ২০১৯ থেকে ২০২৩ খ্রিস্টাব্দ তথা কোভিড সমসাময়িক বলা চলে। হ্যাঁ। ‘কোভিড সমসাময়িক’ শব্দটিকে বিশেষ জোর দিলাম। তার কারণ সবিস্তারে যথাস্থানে ব্যাখ্যা করা যাবে। কথাকার সাধন চট্টোপাধ্যায় ভূমিকার পরিবর্তে গ্রন্থের ‘নান্দীমুখ’ অংশেই জানিয়েছেন, ‘গল্পগুলো সবই সাম্প্রতিক লেখা’। কথাকার সাধন চট্টোপাধ্যায় আশি বছর অতিক্রম করে, পঞ্চাশ বছরের বেশি সময় সাহিত্যচর্চায় ছ’শো-র বেশি গল্প লিখেছেন। এই দীর্ঘ সাহিত্য-জীবনে অন্তর্গত সাম্প্রতিকতার নানান চিহ্ন, প্রতীক, ছবি, ভাষা ও জীবনাভিজ্ঞতা তাঁর এই বিপুল কথাসৃজনে ধরা আছে। এখানে আমরা বর্তমান গ্রন্থটির সামগ্রিক বিচার নয়, তাৎক্ষণিক পাঠ-প্রতিক্রিয়া নিরুপণের চেষ্টা করব।

বাংলা কথাসাহিত্যের সাম্প্রতিকতম এই গ্রন্থটি নানান সম্ভাবনায় পরিপূর্ণ। গ্রন্থের গল্পগুলির প্রতি দৃষ্টি দেওয়ার পূর্বে সমালোচক তপোধীর ভট্টাচার্যের একটি মন্তব্যের প্রতি আলোকপাত করা যাক:

> আজকের দিনে পাঠকের সার্বভৌমত্ব মেনে নিয়েও আমাদের লক্ষ করতে হয়, স্রষ্টা নিজে কি ভাবছেন। তাঁর বক্তব্যের সঙ্গে একমত হওয়ার জন্যে নিশ্চয়ই পাঠকের বাধ্যবাধকতা নেই কোনো। তবু প্রতিবেদনের সচেতন সূত্রধার যদি কিছু স্পষ্ট বক্তব্য হাজির করেন, সাংস্কৃতিক রাজনীতির অনুষঙ্গে নিজের ভাবাদর্শগত অবস্থান সম্পর্কে